

21724 - চোখে কৃত্রিম পাপড়ি পরা

প্রশ্ন

চোখের মূল পাপড়ির উপর কৃত্রিম পাপড়ি পরার হুকুম কি? এটি চোখকে অধিক খুলে রাখে ও অধিক আকর্ষণীয় করে (মাঝেমাঝে এগুলো আমরা স্বামী ও মাহরামদের সামনে ব্যবহার করি)।

প্রিয় উত্তর

স্থায়ী কমিটির ফতোয়াতে এসেছে: “কৃত্রিম নখ ও কৃত্রিম পাপড়ি ব্যবহার করা জায়েয নয়...। যেহেতু এতে শরীরের সংশ্লিষ্ট স্থানের ক্ষতি রয়েছে এবং যেহেতু এতে জালিয়াতি, প্রতারণা ও আল্লাহর সৃষ্টিকে পরিবর্তন করা রয়েছে”।[ফতোয়া নং (১৭/১৩৩)]

‘যিনাতুল মারআ বাইনাত তিব্ব ওয়াশ শার’ কিতাবে (পৃষ্ঠা-৩৩) এসেছে:

আর কৃত্রিম পাপড়ি ও প্রাকৃতিক পাপড়িকে যে সব উপাদান দিয়ে রঙ করা হয়; ডাক্তারেরা বলেন: এগুলো নিকেলের লবণ দিয়ে কিংবা কৃত্রিম বিভিন্ন রবার দিয়ে তৈরী। এ দুটোই চোখের পাতার ক্ষতি করে এবং পাপড়ি পড়ে যাওয়ার কারণ হয়।

আল্লাহই সর্বজ্ঞ।